

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫০১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَابُ مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

## আরবী

أَخْبَرَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ الْأَخْنَسِ، قَالَ: حَدَّثَنِي الْوَلِيدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْدٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: كُنْتُ أَكْتُبُ كُلَّ عَنْ يُوسُفَ بْنِ مَاهَكَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْدٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: كُنْتُ أَكْتُبُ كُلَّ شَيْءٍ أَسْمَعُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أُرِيدُ حِفْظَهُ، فَنَهَتْنِي قُرَيْشٌ، وَقَالُوا: تَكْتُبُ كُلَّ شَيْءٍ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَشَرٌ يَتَكَلَّمُ فِي الْغَضَبِ وَالرِّضَا؟ فَأَمْسَكْتُ عَنِ الْكِتَابِ، فَذَكَرْتُ ذَلِكَ عَلَيْهِ وَسَلَّمَ بَشَرٌ يَتَكَلَّمُ فِي الْغَضَبِ وَالرِّضَا؟ فَأَمْسَكْتُ عَنِ الْكِتَابِ، فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَالَ: «اكْتُبْ فَوَالَّذِي نَفْسِي لِرَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: «اكْتُبْ فَوَالَّذِي نَفْسِي لِرَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: «اكْتُبْ فَوَالَّذِي نَفْسِي لِرَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَوْمَا بإصْبَعِهِ إِلَى فِيهِ، وَقَالَ: «اكْتُبْ فَوَالَّذِي نَفْسِي بِيدِهِ، مَا خَرَجَ مِنْهُ إِلَّا حَقٌ»

إسناده صحيح

## বাংলা

৫০১. আব্দুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে যা-ই শুনতাম, মুখন্ত রাখার উদ্দেশ্যে তার সবই লিখে রাখতাম। তারপর কুরাইশরা আমাকে (লিখতে) নিষেধ করল এবং বলল: তুমি তো রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সকল বিষয়ই লিখছ, কিন্তু তিনি তো একজন মানুষ। তিনি তো (কোনো কোনো সময়) রাগান্বিত অবস্থায় কথা বলেন, আবার সন্তুষ্ট অবস্থায়ও কথা বলেন। একথা শুনে আমি লিখা বন্ধ করে দেই এবং বিষয়টি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট উল্লেখ করি। তখন তিনি তার আঙ্গুল দ্বারা তাঁর মুখের প্রতি ইশারা করে বললেন: "তুমি লিখতে থাকো। সেই সন্তার কসম, যার হাতে আমার জীবন, এ মুখ থেকে যা কিছু বের হয়, তা সবই সত্য"।[1]

## ফুটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু দাউদ ৩৬৪৬; আহমদ, আল মুসনাদ ২/১৬৩, ১৯২; ইবনু আবী শাইবা, ৯/৪৯-৫০ নং ৬৪৭৯; খতীব, তারুয়ীদুল ইলম পৃ: ৮০; হাকিম ১/১০৫-১০৬; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৩৮৯। অনেকগুলি সনদে তিরমিয়ী, ৩৫০৪; নাসাঈ ৭/২৮৮, ২৯৫; ইবনুল জারুদ নং ৬০১; দারুকুতনী ৩/৭৪-৭৫ ও অন্যান্যরা বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন